

কী সেবা, কীভাবে পাবেন :

উদাহরণ- ১

সেবা নাম : কৃষি প্রণোদনা / পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন :

ধাপ সমূহ :

১ম ধাপ : মন্ত্রণালয় / জাতীয় পর্যায়ে থেকে নীতিমালা ও রেজুলেশনসহ জেলা পর্যায়ে বরাদ্দ প্রদান।

২য় ধাপ : জেলা কৃষি পুনর্বাসন কমিটি কর্তৃক রেজুলেশন সহ উপজেলায় উপ বরাদ্দ প্রদান।

৩য় ধাপ : উপজেলা কৃষি পুনর্বাসন কমিটি কর্তৃক ইউনিয়ন পর্যায়ে উপ বরাদ্দ প্রদান।

৪র্থ ধাপ : ইউনিয়ন কৃষি কমিটি কর্তৃক উপযুক্ত কৃষক নির্বাচন ও কৃষকের অগ্রাধিকার তালিকা তৈরি, অনুমোদন ও উপজেলায় প্রেরণ।

৫ম ধাপ : প্রাপ্ত অগ্রাধিকার তালিকা উপজেলা কৃষি পুনর্বাসন কমিটি কর্তৃক যাচাই ও অনুমোদন।

৬ষ্ঠ ধাপ : বরাদ্দপ্রাপ্ত উপকরণ (সার , বীজ) ক্রয় এবং উপজেলা/ইউনিয়ন পর্যায়ে বিতরণ।

৭ম ধাপ : উপজেলা কৃষি অফিস কর্তৃক সংশ্লিষ্ট কৃষককে কৃষি কার্ড ও ছবিসহ মাস্টার রোলার মাধ্যমে উপকরণ বিতরণ ও সংরক্ষণ এবং জেলা কমিটিকে অবহিত করণ।

৮ম ধাপ : এসএএও/এইও কর্তৃক প্রণোদনা প্লট পরিদর্শন ও পরামর্শ প্রদান।

উদাহরণ – ২

সেবা নাম : বালইনাশক লাইসেন্স প্রদান/ নবায়ন :

ধাপসমূহ :

১ম ধাপ : একজন প্রাপ্ত বয়স্ক উপযুক্ত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি উপজেলা কৃষি অফিসে নির্ধারিত ফরমে আবেদন করবেন।

২য় ধাপ : আবেদনের যথার্থতা যাচাই উপজেলা ও জেলা পর্যায়ে।

৩য় ধাপ : যথার্থ আবেদনের কাগজাদি সংগ্রহ (ট্রেড লাইসেন্স, ট্রেজারি চালানসহ)।

৪র্থ ধাপ : এসএপিপিও/এইও/ইউএও কর্তৃক আবেদনকারীর দোকান, অবকাঠামোর গুনগত মান যাচাই এবং সুপারিশ প্রদান/বাতিল ও জেলায় প্রেরণ।

৫ম ধাপ : জেলায় অতিরিক্ত উপ পরিচালক (পি পি) প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাই ও প্রয়োজনে পূর্ণ: তদন্ত পূর্বক সন্মুখ হলে লাইসেন্স ইস্যু বা নবায়ন করে উপজেলায় প্রেরণ করবেন।

৬ষ্ঠ ধাপ : আবেদনকারী উপজেলা থেকে লাইসেন্স সংগ্রহ করবেন এবং এর ফটোকপি দোকানের দৃশ্যমান স্থানে টাঙিয়ে রাখবেন।

উদাহরণ – ৩ :

সেবার নাম : প্রকল্প ভিত্তিক প্রদর্শনী স্থাপন :

ধাপসমূহ :

১ম ধাপ : উপ পরিচালকের কার্যালয় কর্তৃক উপজেলায় প্রদর্শনী / প্রশিক্ষণের বরাদ্দ প্রদান।

২য় ধাপ : উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক এসএএও সভায় প্রাপ্ত বরাদ্দ উপস্থাপন, প্রদর্শনী স্থাপনের উপযোগী জমি ও ক্যাটাগরি ভিত্তিক উপযুক্ত কৃষক নির্বাচন বিষয়ক বিস্তারিত আলোচনা।

৩য় ধাপ : এসএএও কর্তৃক কৃষক দলের সাথে আলোচনা ও কৃষকের অগ্রাধিকার তালিকা তৈরি ও উপজেলা কৃষি অফিসে জমা দান।

৪র্থ ধাপ : এইও কর্তৃক নির্বাচিত জমি ও কৃষকের মতামত যাচাই এবং অনুমোদন/ বাতিল।

৫ম ধাপ : নির্বাচিত কৃষকদের প্রদর্শনীর প্রযুক্তিভিত্তিক প্রশিক্ষণ প্রদান ও উপকরণ বিতরণ।

৬ষ্ঠ ধাপ : কৃষক, এসএএও এবং সম্ভব হলে এইও এর উপস্থিতিতে প্রদর্শনী স্থাপন ও পরবর্তী কার্যক্রম বাস্তবায়নের দিক নির্দেশনা প্রদান।

৭ম ধাপ : কৃষক, এসএএও এবং এইও কর্তৃক প্রদর্শনী প্লট নিয়মিত পরিদর্শন / মনিটরিং, শস্য কর্তন , মাঠ দিবস এর প্রভাব ও ফলাফল প্রতিবেদন প্রেরণ।